শেখ হাসনার নিদেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন শাখা-২
www.moef.gov.bd

নং- ২২.০০.০০০০.০৭২.১৪.০০৭.১৭-৩৪৭

তারিখ: ২১ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
০৫ আগস্ট, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয় : জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে চৌমুহনী পৌরসভা, নোয়াখালী কর্তৃক বাস্তবায়নাধীন "Chowmuhani Pourashava Drainage Development Project" শীর্ষক প্রকল্পের ২য় সংশোধিত প্রশাসনিক আদেশ জারি সংক্রান্ত।

সূত্র: এ মন্ত্রণালয়ের স্মারক নং-২২.০০.০০০০.০৭২.১৪.০০৭.১৭- ১৩৫, তারিখ: ২১ জুন, ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের অনুবৃত্তিক্রমে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাবের প্রেক্ষিতে চৌমুহনী পৌরসভা, নোয়াখালী কর্তৃক বাস্তবায়নাধীন "Chowmuhani Pourashava Drainage Development Project" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ নভেম্বর, ২০১৮ পর্যন্ত বৃদ্ধির সংশোধিত প্রকল্প প্রস্তাবে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও মাননীয় মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে গত ০৭/৪/২০১৯ তারিখে অনুষ্ঠিত ট্রাস্টি বোডের ৫০তম সভায় সংশোধিত ব্যয়ে প্রকল্পের আন্ত:খাতসহ মেয়াদ ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব অনুমোদিত হয়েছে। এমতাবস্থায়, ট্রাস্টি বোর্ডের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে বর্ণিত প্রকল্পের ২য় সংশোধিত প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করা হলো। অনুমোদিত সংশোধিত প্রকল্প প্রস্তাবের এক প্রস্থ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংঙ্গে প্রেরণ করা হ'ল।

প্রকল্পের মেয়াদকাল: ডিসেম্বর, ২০১৬ হতে মার্চ, ২০১৮ পর্যন্ত।
প্রকল্পের মেয়াদকাল (সংশোধিত): ডিসেম্বর, ২০১৬ হতে নভেম্বর, ২০১৮ পর্যন্ত।
প্রকল্পের মেয়াদকাল (২য় সংশোধিত): ডিসেম্বর, ২০১৬ হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত।
বাস্তবায়নকারী সংস্থাঃ চৌমুহনী পৌরসভা, বেগমগঞ্জ, নোয়াখালী ।
প্রকল্পটির অনুমোদিত আইটেম ও আইটেম ওয়ারী ব্যয় বিভাজন নিম্নরূপঃ

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রঃনং | অর্থনৈতিক কোড | খাতের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | ৭০১৬ | নির্মাণ ও পূর্ত (স্লাবসহ আরসিসি ড্রেন নির্মাণ) | ২০০.০০ |
| মোট রাজস্ব ব্যয় | | | ২০০.০০ |
| সর্বমোট ব্যয় | | | ২০০.০০ |

প্রকল্প বাস্তবায়নের অন্যান্য শর্তাবলীঃ

১। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা (০৯ এপ্রিল, ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন) অনুসরণ করতে হবে;
২। এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rule (PPR), 2008 অনুসরন করতে হবে;
৩। অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোন অংশে এ অর্থ ব্যয় করা যাবে না;
৪। প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC)অত্র ট্রাস্টকে অবহিত করতে হবে;
৫। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিংপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট-এ প্রেরণ করতে হবে;
৬। প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড এবং সফট্ কপি (bcctmoef@hotmail.com এই ই-মেইল ঠিকানায়) প্রেরণ নিশ্চিত করতে হবে;
৭। প্রকল্প বাস্তবায়ন শুরুর পূবে প্রকল্প এলাকার বর্তমান অবস্থা/পরিস্থিতির রঙ্গিন ছবি ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে;
৮। প্রকল্প পরিচালকের কার্যালয়ে এবং প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এলাকায় বিসিসিটি কর্তৃক নির্ধারিত পরিমাপ (৩ ফুট বাই ২ ফুট) ও স্পেসিফেকেশন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট তথ্য সম্বলিত দৃশ্যমান সাইনবোর্ড স্থাপন করতে হবে;
৯। প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালার অনুচ্ছেদ ১০.১ অনুযায়ী প্রকল্পের সার্বিক ও আর্থিক দায়ভার প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী সংস্থা/প্রশাসনিক মন্তণালয়ের উপর বর্তাবে এবং প্রকল্প কার্যক্রম নির্ধারিত সময়ে সমাপ্তির পর অডিট রিপোর্টের কপি বিসিসিটি-তে যথাসময়ে প্রেরণ করতে হবে;
১০। প্রকল্পের ব্যাংক বিবরণীসহ অব্যয়িত অর্থ সুদ সমেত এবং প্রকল্পের অনুকূলে ক্রয়কৃত মালামাল ও যন্ত্রপাতি ট্রাস্ট কার্যালয়ে ফেরত প্রদান করতে হবে।
১১। সংশোধিত জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী অনুমোদন আদেশ জারির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্পের কার্যক্রম শুরু করা না হলে প্রকল্পের অনুমোদন আদেশ বাতিল বলে গণ্য হবে;
১২। প্রকল্পের অনুকূলে ব্যাংক বিবরণীসহ সুদ, অব্যয়িত অর্থ ও মালামাল বিসিসিটি'তে প্রেরণ করতে হবে এবং অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে প্রকল্প পরিচালক দায়ী থাকবেন।

(মো: মিজানুর রহমান)
উপসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ১০১ মহাখালী, ঢাকা-১২১২।
০৩। জনাব মো: জাকের হোসেন, নির্বাহী প্রকৌশলী, চৌমুহনী পৌরসভা, বেগমগঞ্জ, নোয়াখালী ও প্রকল্প পরিচালক "Chowmuhani Pourashava Drainage Development Project" শীর্ষক প্রকল্প (অনুমোদিত প্রকল্প প্রস্তাবের ১ প্রস্থসহ)।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
০১। জেলা প্রশাসক, নোয়াখালী (প্রকল্পটি জেলা উন্নয়ন সমম্বয় সভার এজেন্ডায় অন্তর্ভূক্তকরণ এবং পরিবীক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।